

		
		
<p>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</p>		

সম্ভাব্য বন্যার জন্য বিশেষ কৃষি আবহাওয়া বিষয়ক পরামর্শ:
(লালমনিরহাট, নীলফামারী, রংপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা, জামালপুর, বগুড়া, সিরাজগঞ্জ, টাঙ্গাইল, মানিকগঞ্জ
পাবনা, সিলেট, সুনামগঞ্জ ও নেত্রকোনা জেলার জন্য)

প্রকাশের তারিখ: ১৭/০৬/২০২২

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস সম্পর্কিত বিশেষ প্রতিবেদন ১৭/০৬/২০২২ তারিখের বৃষ্টিপাত ও নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস অনুসারে, জুন মাসের তৃতীয় সপ্তাহ হতে বাংলাদেশ ও উজানের অববাহিকাসমূহের স্থানসমূহে সামগ্রিকভাবে মাঝারী থেকে ভারী বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে। এর ফলে দেশের প্রধান নদীসমূহের পানি সমতল বৃদ্ধির উল্লেখযোগ্য প্রবণতা পরিলক্ষিত হতে পারে এবং এর প্রভাবে উক্ত স্থানে ব্রহ্মপুত্র-যমুনা নদীর এবং সুরমা-কুশিয়ারাসহ উত্তর উত্তর-পূর্বাঞ্চলের সকল প্রধান নদী সমূহের পানি সমতল বৃদ্ধি পেয়ে ৭-১০ দিন মেয়াদী বন্যা পরিস্থিতি সৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। জুন মাসের চতুর্থ সপ্তাহের প্রথম ভাগে উক্ত অঞ্চলে বৃষ্টিপাত কমে যেতে পারে এবং বন্যা পরিস্থিতির উন্নতি হতে পারে।

এমতাবস্থায়, উপরোক্ত জেলার জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়ের অনুমোদনক্রমে সম্ভাব্য বন্যার ক্ষতির হাত থেকে দন্ডায়মান ফসলকে রক্ষার জন্য নিম্নলিখিত কৃষি আবহাওয়া বিষয়ক পরামর্শসমূহ প্রদান করা হলো:

- ১। জমিতে সার, কীটনাশক এবং সেচ প্রদান থেকে বিরত থাকুন।
- ২। অবিলম্বে পরিপক্ক শাকসবজি এবং উদ্যান ফসল সংগ্রহ করুন এবং শুল্ক ও নিরাপদ স্থানে সংরক্ষণ করুন অথবা ভারী বৃষ্টিপাতের পরে ফসল সংগ্রহ করুন।
- ৩। খামারের সকল পণ্য নিরাপদ স্থানে রাখুন।
- ৪। ফসলের ক্ষেত থেকে অতিরিক্ত পানি নিষ্কাশনের ব্যবস্থা রাখুন।
- ৫। আউশ ধানের ক্ষেতের চারপাশে এবং ভিতরে উঁচু আইলের ব্যবস্থা করুন যাতে ভারী বৃষ্টিপাত দন্ডায়মান ফসলের ক্ষতি করতে না পারে।
- ৬। আখের ঝাড় বেঁধে দিন, কলা ও অন্যান্য উদ্যানতাত্ত্বিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- ৭। পুকুরের চারপাশ জাল দিয়ে ঘিরে দিন যেন ভারী বৃষ্টিপাতের পানিতে মাছ ভেসে না যায়।
- ৮। গবাদি পশু ও হাঁসমুরগী শুকনো ও নিরাপদ জায়গায় রাখুন।



ড. মোঃ শাহ কামাল খান
প্রকল্প পরিচালক
মোবাইল ফোন নং +৮৮০১৭১২ ১৮৪২৭৪